উপজেলা পরিষদ, মানিকছড়ি
খাগড়াছড়ি পার্বত্য জেলা
(৩৩ তম অধিবেশন)

" শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

**মানিকছড়ি উপজেলা পরিষদের মে ২০২২খ্রি. মাসের মাসিক সভার কার্যবিবরণী :**

সভাপতি : মো. জয়নাল আবেদীন,
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, মানিকছড়ি

সভার তারিখ ও সময় : ২৩.০৫.২০২২খ্রি. সকাল ১১.৩০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, মানিকছড়িকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, মানিকছড়ি সভার শুরুতে উপস্থিত সকলকে ধন্যবাদ জানান এবং বিগত সভার কার্যবিবরণী পড়ে শুনানো হলে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অত:পর বিভাগওয়ারী কার্যক্রম সর্ম্পকে দৃষ্টি আকর্ষণ করা হলে বিভাগীয় প্রধানগণ তাঁদের স্ব-স্ব বিভাগীয় কার্যক্রমের উপর বক্তব্য পেশ করেন।

| বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা(প্রতিনিধি), মানিকছড়ি সভায় জানান যে, বর্তমান মানিকছড়ি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ কোন চিকিৎসক সংকট নাই। জুন হতে আগস্ট (আষাঢ় শ্রাবণ) ০২ (দুই) মাস বর্ষাকাল। বর্ষা মৌসুমে পাহাড়ী অঞ্চলে প্রচুর সাপের প্রার্দুভাব দেখা যায় এবং প্রায় দংশন করে। সাপের দংশনকারী রোগীকে পাহাড়ী স্থানীয় বৈদ্য ওঝার চিকিৎসা না করে প্রাথমিক চিকিৎসা প্রদান করে দ্রুতসময়ে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ নিয়ে আসার জন্য অনুরোধ করেন। এ বিষয়ে জনসচেনতা বৃদ্ধির লক্ষ্যে স্থানীয় জনপ্রতিনিধিদের ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো। Monkey Pox বর্তমানে করোনা অতিমারীর পাশাপাশি মাথা চাড়া দিয়েছে Monkey Pox আতঙ্ক। বর্তমানে এ রোগে এশিয়া মহাদেশে কোন লক্ষন পাওয়া যায়নি। এ ছাড়া উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যালয়ের আন্ত: ও বর্হি বিভাগের কার্যক্রম স্বাভাবিক। | সরকারি বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মানিকছড়ি। |
| ২। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ভারপ্রাপ্ত), মানিকছড়ি সভায় জানান যে, বাংলাদেশ গেজেট, সেপ্টেম্বর ১৮, ২০০৮ তারিখ ০১ সেপ্টেম্বর ২০০৮ উনিঅ/মানিক/পার্ট-০২/২০০৮-৮৫১ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) অধ্যাদেশ ১৯৮৩ এর ৩(খ) মোতাবেক খাগড়াছড়ি পার্বত্য জেলাধীন মানিকছড়ি উপজেলার ১নং মানিকছড়ি ও ২নং বাটনাতলী ইউনিয়নকে বিভক্ত করে নবসৃষ্ট যোগ্যাছোলা ও তিনটহরী ইউনিয়ন নামক ভিন্ন ০২টি ইউনিয়ন পরিষদ গঠন করা হয়েছে। প্রশাসনিক কাজের সুবিধার্থে উক্ত আইনে ১৮, ১৯ ও ২০ ধারায় বর্ণিত পদ্ধতিসমূহ অনুসরণপূর্বক নতুন (যোগ্যাছোলা ও তিনটহরী) ২টি ইউনিয়ন পরিষদ গঠন করা হলেও অদ্যবধি তাঁর বিভাগের নবগঠিত ২টি ইউনিয়নের জন্য কোন বরাদ্দ পাওয়া যায়নি। পূর্বে গঠিত ২টি ইউনিয়নের বরাদ্দ প্রদান করা হয়, যা ৪টি ইউনিয়নের জনসংখ্যা অনুপাতে বন্টন করে অপ্রতুল বরাদ্দ দিয়ে কার্যক্রম চালানো হচ্ছে মর্মে সভায় জানান। এ ছাড়া ইতোপূর্বে জানুয়ারী/২২ ও ফেব্রুয়ারী/২২খ্রি মাসের মাসিক সভায় এ বিষয়ে উপস্থাপন করা হয়েছে এবং যথাযথ কর্তৃপক্ষের বরাবর অবহিত করা হয়েছে মর্মে সভায় জানান। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | উপজেলা নির্বাহী অফিসার, মানিকছড়ি সভায় বলেন, ইতোপূর্বে ০২টি সভার কার্যবিবরণী সহ অদ্য সভার কার্যবিবরণী পরবর্তী কার্যার্থে যথাযথ কর্তৃপক্ষের প্রেরণ করা হবে মর্মে সভায় জানান।<br>২। সরকারি বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মানিকছড়ি |
| ৩। উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা(প্রতিনিধি), মানিকছড়ি, সভায় জানান যে, বাংলা জ্যৈষ্ঠ মাসে পাকা আম, কাঠাল লিচু আনারস তরমুজ, | উপজেলা কৃষি কর্মকর্তা (প্রতিনিধি), মানিকছড়ি | উপজেলা কৃষি কর্মকর্তা, মানিকছড়ি |

| | | | |
|---|---|---|---|
| | লটকন, কালো জাম, গোলাপ জাম, বেতফল, গাব, জামরুল, আতাফল, কাউ , শরীফাসহ নানা ফল আসতে শুরু হতে থাকে। সবুজ বিপ্লবের ধারাবাহিকতায় বাংলাদেশ ক্রমান্বয়ে খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করেছে। কিন্তু ক্রমবর্ধমান জনসংখ্যা পুষ্টির চাহিদা নিশ্চিত করতে হলে আরো ব্যাপকভাবে পুষ্টি সমৃদ্ধ ফসল উৎপাদন, শস্যের বহুমূখীকরণ ও আধুনিক চাষাবাদ পদ্ধতি কার্যক্রমকে শক্তিশালীকরণ প্রয়োজন। ফসল উৎপাদনের মূল কান্ডারী এই দেশের মেহনতি কৃষক। তা উন্নত প্রযুক্তি ও কলাকৌশল কৃষকের দোরগোড়ায় পৌছাতে পারলে কাংক্ষিত ফল পাওয়া সম্ভব। মুজিব শতবর্ষে বঙ্গবন্ধু কৃষি উৎসব উপলক্ষ্যে পারিবারিক পুষ্টি বাগান স্থাপন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। তাই সর্বসাধারণকে তাদের স্ব স্ব বসত বাড়ির আঙ্গিনায় পরিকল্পিতভাবে লাগসই উন্নত প্রযুক্তি ব্যাবহার করে সবজি বাগান প্রতিষ্ঠার মাধ্যমে পারিবারিক খাদ্য, পুষ্টি ও আয় বৃদ্ধি সম্ভব হবে। পরিবারের সকল সদস্যের শ্রম উৎপাদন কাজে লাগিয়ে স্ব-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে বেকার সমস্যা সমাধান বিশেষ করে মহিলাদের ক্ষমতায়ন করা হবে মর্মে সভায় জানান। এ ছাড়া মানিকছড়ি উপজেলায় ০৩ জন বিসিআইসি সার ডিলার কর্তৃক সার উত্তোলন, মজুদ ও বিতরণ সন্তোষজনক। উপজেলার সারের কোন সংকট নাই। উপজেলা কৃষি কর্মকর্তা, উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা ও উপ-সহকারি কৃষি কর্মকর্তা কর্তৃক নিয়মিত মাঠ ফসল পরিদর্শনের মাধ্যমে অধিক ফসল উৎপাদনের জন্য কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। তাঁর অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | উপস্থাপিত বিষয়ে সকলে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।<br>২। সরকারি বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। | |
| ৪। উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, মানিকছড়ি সভায় জানান যে, চলতি মাসের মৎস্যচাষীর পুকুর পরিদর্শন করা হয়েছে ১০দিন, মৎস্যচাষ প্রযুক্তি সম্প্রসারণ অফিসের পরামর্শ প্রদান করা হয়েছে ০৫ জন মাছচাষীকে। ফরমালিন বিরোধী অভিযানের অংশ হিসেবে মাছ বাজার পরিদর্শন করা হয়েছে ০১টি বাজারে। এ ছাড়া তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | সরকারি বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা, মানিকছড়ি |
| ৫। উপজেলা প্রাণী সম্পদ বিভাগ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, মানিকছড়ি সভায় জানান যে, আসন্ন পবিত্র ঈদ উল আযহায় (কোরবানি ঈদে) গরু মোটাতাজা করণ বিষয়ে স্থানীয় ৫০ জন খামারিকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চলতি এপ্রিল মাসের নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে: গবাদি পশুর টিকাদান ১১৮২টি মাত্রা, হাঁস মুরগী টিকাদান ২৩,৭০০টি মাত্রা, গবাদি পশু চিকিৎসা প্রদান ১০৪৫টি, হাঁস মুরগী চিকিৎসা প্রদান ৯৪৩২টি উপজেলা ১নং মানিকছড়ি ইউপি পয়েন্ট এ কৃত্রিম প্রজনন সংখ্যা ১০০টি, ৩নং যোগ্যাছোলা ইউপি পয়েন্ট এ কৃত্রিম প্রজনন সংখ্যা ২৫টি এবং ৪নং তিনটহরী ইউপি পয়েন্টে এ কৃত্রিম প্রজনন সংখ্যা ৩০টি, ৬০ জন খামারিকে প্রাণি সম্পদ বিষয়ে পরামর্শ প্রদান করা হয়েছে। উঠান বৈঠক করা হয়েছে ০২টি এবং খামার পরিদর্শন করা হয়েছে ০৫টি। গো- খাদ্যের জন্য উন্নতজাতের ঘাস চাষে নিয়মিত খামারিদের পরামর্শ প্রদান করা হচ্ছে। এ ছাড়া তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | সরকারি বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, মানিকছড়ি |
| ৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মানিকছড়ি সভায় জানান যে, ইতোপূর্বে প্রাপ্ত বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে কার্যক্রম সম্পাদন করা হয়েছে। ১ম পর্যায়ের কাজের শতভাগ সম্পন্ন করা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার মহোদয় প্রকল্প পরিদর্শন করে প্রকল্পের বিপরীতে অর্থ ছাড় করা হচ্ছে মর্মে সভায় জানান। নতুন বরাদ্দ | গৃহিত প্রকল্পসমূহ যথাযথ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হলো।<br>২। সরকারি বিধি | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মানিকছড়ি। |

| | | | |
|---|---|---|---|
| | পাওয়া গিয়েছে প্রাপ্ত বরাদ্দের বিপরীতে গৃহিত চলতি অর্থ বছরের যথাসময়ে দ্রুত সময়ে কাজ সমাপ্তকরণের জন্য প্রকল্প সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়েছে। এ ছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। | |
| ৭। উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা(প্রতিনিধি), মানিকছড়ি সভায় জানান যে, আরএসএস বিনিযোগ, পুন:বিনিয়োগ সকল প্রকার ভাতা কার্যক্রম যথানিয়মে চলছে মর্মে সভায় জানান। বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | সরকারি বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মানিকছড়ি। |
| ৮। উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, মানিকছড়ি সভায় জানান যে, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | সরকারি বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, মানিকছড়ি। |
| ৯। উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মানিকছড়ি, সভায় জানান যে, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কার্যালয়ে ০৩টি ট্রেডের প্রশিক্ষণ চলমান। উক্ত প্রশিক্ষণটি প্রতি ০৩(তিন) মাস অন্তর অন্তর উপজেলা প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা ও স্থানীয় জনপ্রতিনিধিদের সমন্বয়ে যাচাই বাছাই করে চূড়ান্ত তালিকানুযায়ী প্রশিক্ষণার্থী নির্বাচন করা হয় মর্মে সভায় জানান। এ ছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | সরকারি বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মানিকছড়ি। |
| ১০। উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কমর্কর্তা, মানিকছড়ি সভায় জানান যে, তাঁর বিভাগের জেলা ও উপজেলা যুব উন্নয়ন কার্যালয়ের বেকার ও আত্ম-কর্মসংস্থানের লক্ষ্যে আগ্রহীদের বিভিন্ন ট্রেডের প্রশিক্ষণ প্রদান করা হয় মর্মে সভায় জানান। এ ছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | সরকারি বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মানিকছড়ি। |
| ১১। উপজেলা প্রকৌশলী (এলজিইডি), মানিকছড়ি | উপজেলা প্রকৌশলী (এলজিইডি), মানিকছড়ি, সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের গৃহিত সকল উন্নয়ন কার্যক্রম সরকারের সকল বিধি অনুসরণ করে কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। এ ছাড়া চলতি অর্থ বছরের স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় হতে উপজেলা বাসা বাড়ি মেরামত ও সংস্কার করণের জন্য বিশেষ থোক বরাদ্দ প্রদান করা হয়েছে। প্রাপ্ত বরাদ্দকৃত অর্থ যথাসময়ে বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সমন্বয়ে দ্রুত সময়ে প্রকল্প বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে মর্মে সভায় জানান। এ ছাড়া তাঁর বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক।<br>উপজেলা নির্বাহী অফিসার মানিকছড়ি সভায় বলেন যে, চলতি ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন তহবিল (এডিপি) প্রকল্প হতে "সাপমারা কবরস্থানের পার্শ্বে ছড়ার উপর ফুটব্রীজ নির্মাণ" প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পটি পরিদর্শন কালে দেখা যায় "ফুটব্রীজের ০২(দুই), পাশে চলাচলের কোন রাস্তা নেই এবং ফুটব্রীজটি উক্ত স্থানের অবস্থাণের কারণে যে কোন সময় বর্ষা মৌসুমে পানির স্রোতে দুর্ঘটনা কবলিত হতে পারে মর্মে তাঁর কর্তৃক প্রতীয়মান হয়েছে। প্রকল্পের নির্মিত ব্রীজটি জনস্বার্থ সুরক্ষায় পরিবর্তে সরকারি অর্থের অপচয় ঘটাচ্ছে। উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের ব্যবহার নির্দেশিকার অনুচ্ছেদ ০৯ এর ০৩বিধি মোতাবেক " উপজেলা প্রকৌশলী প্রকল্পের গুনগত মান নিশ্চিতকরণসহ সুষ্ঠভাবে ও নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়ন নিশ্চিত করার জন্য উপজেলা পরিষদের নিকট দায়ী থাকবেন" মর্মে উল্লেখ রয়েছে এবং অনুচ্ছেদ ১৫(০৩) মোতাবেক "উপজেলা নির্বাহী অফিসারও প্রকল্প পরিদর্শন করতে পারবেন | সরকারি বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।<br>২। গৃহীত সকল প্রকল্পের কারিগরি গুনগত মান বজায় রেখে প্রকল্প বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী এলজিইডি মানিকছড়ি'কে অনুরোধ করা হলো। | ১। উপজেলা প্রকৌশলী (এলজিইডি), মানিকছড়ি |

| | | | |
|---|---|---|---|
| | এবং পরিদর্শনের প্রাপ্ত ত্রুটি বিচ্যুতি প্রাপ্ত তথ্য উপজেলা পরিষদ চেয়ারম্যানকে অবহিত করবেন।<br>উপজেলা নির্বাহী অফিসার, মহোদয়ের উপস্থাপিত বিষয়ের সভায় উপজেলা প্রকৌশলী এলজিইডি মানিকছড়ি সভায় বলেন যে, সরকারের সকল বিধি অনুসরণ করে উক্ত প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। সীমিত ও অপ্রতুল বরাদ্দের মধ্যেও প্রকল্পের গুণগত মান বজায় রেখে প্রকল্পের কাজ বাস্তবায়ন করা হয়েছে মর্মে সভায় জানান। | | |
| ১২। সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) বিভাগ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মানিকছড়ি সভায় জানান যে, চাহিদা ভিত্তিক অবাকাঠামো উন্নয়ন, নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থাপনা প্রকল্প, উপজেলা গ্রামীণ এলাকার জন্য স্যানিটেশন প্রকল্প ও সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প সকল বিধি অনুসরণ করে কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভায় জানান। তাঁর অন্যান্য বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | সরকারি বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মানিকছড়ি |
| ১৩। উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, মানিকছড়ি সভায় জানান যে, তাঁর বিভাগের চলমান কার্যকমের মোট সমিতির সংখ্যা ২৯টি, মোট সদস্য সংখ্যা ৪৪০০ জন, মোট শেয়ার ১৫,৫৫,৯৪০ টাকা, মোট সঞ্চয় ১,৮২,৯৬,১,০০ টাকা, নিজস্ব তহবিল হতে ঋণ দাদন ৯৬,৮০,০০০ টাকা, অডিট ফি ১২,০০০ টাকা, ভ্যাট ১,৮০১ টাকা, সিডিএফ পরিশোধ ৩,৫৯৮ টাকা, কর্মসংস্থান সমিতি ০৩টি এবং জনবল ২০জন। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | সরকারি বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা, মানিকছড়ি |

**১৪। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ,** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মানিকছড়ি সভায় জানান যে, তাঁর বিভাগের নিম্নোক্তভাবে কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

| ক্র. নং | প্রকল্পের নাম | ঋণ বিতরণ | | ঋণ আদায় | | সঞ্চয় জমা বছরে | শেয়ার জমা বছরে | প্রশিক্ষণ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | বছরে | ক্রম | বছরে | ক্র.ম | | | |
| ০১ | আবর্তক | ২৭.২৮ | ৩৯১.৩১ | ২২.৭৩ | ৩৫৫.৭০ | -- | -- | |
| ০২ | ইউসিসিএ লি. নিজস্ব তহবিল | ২৪.৬৫ | ২০২.০৩ | ১৯.০১ | ১৭৮.৩৩ | ১.৩৮ | .৮১ | ৬০ |
| ০৩ | মুক্তিযোদ্ধা প্রকল্প | ২.৪০ | ৩৪.৩৮ | ২.৪০ | ২৯.৯২ | -- | -- | |
| ০৪ | সদাবিক | ১৭.৯৫ | ৩০১.১৮ | ১৩.২৬ | ২৭৫.৩৬ | .৯৮ | -- | |
| ০৫ | পার্বত্য চট্টগ্রাম সমাজ উন্নয়ন প্রকল্প | ১৩.৩৪ | ২৩৩.৫২ | ১০.৮২ | ২১০.৯৩ | ১.১৩ | -- | |
| ০৬ | পল্লী প্রগতি প্রকল্প | ১৮.৮৫ | ২১৬.৬৩ | ১২.১১ | ১৮১.০৬ | .৬২ | -- | |
| ০৭ | অপ্রধান শস্য প্রকল্প | ২৭.৮৫ | ৪৫.৫৬ | ১২.৩৮ | ১৭.৮৭ | ৩.৭০ | -- | ১২০ |
| ০৮ | উদ্যোক্তা ঋণ | ৪৭.৫০ | ৪৭.৫০ | ১০.০২ | ১০.০২ | -- | -- | |
| | সর্বমোট: | ১৭৯.৮২ | ১৪৭২.১১ | ১০২.৭৩ | ১২৫৯.৩৭ | ৭.৮০ | .৮১ | ১৮০ |

প্রাথমিক সমিতির অডিট বছরের ৬৫টি, বার্ষিক বিতরণের হার ৮৭%, আদায়ের হার ৭০% এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক।
সিদ্ধান্ত : যথাযথ বিধি অনুসরণ করে কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
বাস্তবায়ন : উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মানিকছড়ি।

| | | | |
|---|---|---|---|
| ১৫। বন বিভাগ | উপজেলা রেঞ্জ কর্মকর্তা, মানিকছড়ি সভায় জানান যে, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | যথাযথ বিধি অনুসরণ করে কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোদ করা হলো। | উপজেলা রেঞ্জ কর্মকর্তা, মানিকছড়ি |
| ১৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মানিকছড়ি সভায় জানান যে, বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা উপজেলা পর্যায়ে সম্পন্ন করা হয়েছে। ১২ জন বিজয়ীর মধ্যে ০৩জন প্রতিযোগী'কে জেলা পর্যায়ে সেরা মেধাবী নির্বাচিত করা হয়েছে। এনটিআরসি কর্তৃক শিক্ষকদের অনলাইন আপডেট কার্যক্রম চলমান রয়েছে। ছাত্রীদের সুস্বাস্থ্য কার্ড বিতরণ অব্যাহত রয়েছে। শিক্ষকদের নতুন এমপিও ভুক্তির কাজ চলমান। সমন্বিত উপবৃত্তির কর্মসূচীর আওতায় ২০২২ সালের ৭ম শ্রেণি হতে ১০ম শ্রেণির উপবৃত্তি প্রাপ্তির অযোগ্য শিক্ষার্থীদের স্ট্যাটাস পরিবর্তনের মাধ্যমে নিষ্ক্রিয়করন এবং শিক্ষা প্রতিষ্ঠানের প্রোফাইল | সরকারের বিধি মোতাবেক কার্যক্রম সম্পাদন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মানিকছড়ি |

| | | | |
|---|---|---|---|
| | সংশোধন/হালনাগাদকরণ কার্যক্রম চলমান রয়েছে। তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | | |
| ১৭। আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) | আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ), মানিকছড়ি, সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। আশ্রয়ণ প্রকল্পে গৃহে বিদ্যুৎ সংযোগ স্থাপনের নির্ধারিত ফরমে আবেদন করার জন্য আগ্রহীদের অনুরোধ করা হলো। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সরকারের বিধি মোতাবেক কার্যক্রম সম্পাদন করার জন্য অনুরোধ করা হলো। | আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ), মানিকছড়ি |

**১৮| পল্লী সঞ্চয় ব্যাংক, মানিকছড়ি শাখা,** ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক, মানিকছড়ি সভায় জানান যে, পল্লী সঞ্চয় ব্যাংকের চলতি মাসের কার্যক্রম নিম্নোক্তভাবে কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

১। সাংগঠনিক বিবরণ:

| ইউনিয়ন সংখ্যা | সমিতির সংখ্যা | ক্রমপুঞ্জিভূত সদস্য সংখ্যা | সঞ্চয় জমা | কল্যাণ অনুদান প্রাপ্তি | ঘূর্নমানঋণ তহবিল প্রাপ্তি | মোট তহবিল | সঞ্চয় আদায়ের লক্ষমাত্রা | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | লক্ষ মাত্রা | অর্জন | হার | ক্রমপুঞ্জিভূত |
| ০৪টি | ১২০টি | ৪৯৬৫ জন | ৩২৫.৩৬ | ১৮০.৯৬ | ৩৪৮.২০ | ৮৫৪.৫২ | -- | ৪৫.৬২ | -- | ৩২৫.৩৬ |

২। পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম:

| উপজেলার নাম | ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা (২০২১-২০২২) | | | | ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা(২০২১-২০২২) | | | | চলতি ঋণ | খেলাপী ঋণ | মোট বকেয়া |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | লক্ষ মাত্রা | অর্জন | হার | ক্রমপুঞ্জিভূত | লক্ষমাত্রা | অর্জন | হার | ক্রমপুঞ্জিত | | | |
| মানিকছড়ি | ৮৩৭.২৭ | ৭৬৭.২৭ | ৯১.৭২ | ২৭৫৬.৬৩ | ৮৩৭.২৭ | ৭০২.২৭ | ৮৩.৯৪ | ২০২৪.৮৭ | ৮৪২.৭০ | ১২০.৪১ | ৯৬৩.১১ |

৩। জনবলের তথ্য:

| উপজেলা নাম | শাখা ব্যবস্থাপক | জুনিয়র অফিসার | কম্পিউটার অপারেটর/ অফিস সহাকারী | মাঠ সহকারী | ক্যাশ সহকারী | অফিস সহায়ক/নৈশ প্রহরী |
|---|---|---|---|---|---|---|
| মানিকছড়ি | ০১ | -- | ০১ | ০৮ | ০১ | ০১ |

এ ছাড়া মাঠ সহকারীর পদ শূন্য রয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক।

সিদ্ধান্ত : যথাযথ বিধি অনুসরণ করে কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

বাস্তবায়ন : শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মানিকছড়ি শাখা।

| | | | |
|---|---|---|---|
| ১৯। উপজেলা প্রকল্প ব্যবস্থাপক, টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড | উপজেলা প্রকল্প ব্যবস্থাপক, টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, মানিকছড়ি সভায় জানান যে, উপজেলা বিভিন্ন পাড়া কেন্দ্রের শূন্যপদের বিপরীতে ১০ জন নির্বাচিত প্রার্থীদের জেলা কার্যলয় হতে নিয়োগ প্রদান করা হয়েছে। তাঁর অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | সরকারি বিধি মোতাবেক কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প ব্যবস্থাপক, টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, মানিকছড়ি। |
| ২০। তথ্য আপা (২য় পর্যায়) প্রকল্প | তথ্যসেবা কর্মকর্তা, মানিকছড়ি সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায় নি। | --- | --- |
| ২১। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায় নি। | --- | --- |

| | | |
|---|---|---|
| বিবিধ | সভায় অতিথি সাবেক উপজেলা চেয়ারম্যান, জনাব এম এ রাজ্জাক জানান যে, মানিকছড়ি বাজার দক্ষিণ প্রান্ত ইউনিয়ন পরিষদ সংলগ্ন বাজারটি আর্বজনা ও ময়লা ধ্বংস-স্তুপ থাকয় পচাঁ দুর্গন্ধে পরিবেশ বিনষ্ট হচ্ছে। তাই বাজারটি অন্যত্র স্থানান্তর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান। এর ছাড়া মহামুনি বাসস্টেশন হতে মানিকছড়ি বাজার সংযোগ সড়কটি সরু ও পিচঢালা না হওয়ায় সাপ্তাহিক বাজার যাওয়া আসার সময় সাধারণ জনগণের যাতায়াতের | ১। উপজেলা নির্বাহী অফিসার, মানিকছড়ি এর উপস্থাপিত বিষয়ে প্রাপ্ত বরাদ্দের বিপরীতে ক) উপজেলা নির্বাহী অফিসার |

| | | |
|---|---|---|
| | বিঘ্ন ঘটছে মর্মে সভায় উপস্থান করেন। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, মানিকছড়ি সভায় বলেন, মানিকছড়ি উপজেলায় যোগদানের পরবর্তী হতে উপজেলা পরিষদের বিভিন্ন দাপ্তরিক ভবনসমূহ সংস্কার মেরামতের জন্য স্থানীয় সরকার বিভাগ হতে অর্থ বরাদ্দ পাওয়ার জন্য আবেদন করা হয়। আবেদনের প্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় হতে বিশেষ থোক বরাদ্দ দেয়া হয়েছে। তাই উপজেলা পরিষদ ও দপ্তরসমূহ জরুরী প্রয়োজনীয় মেরামত, সংস্কার ও উপজেলা পরিষদ প্রাঙ্গণ নান্দনিক সৌন্দর্য বর্ধনের লক্ষ্যে মতামত প্রদানের জন্য সভায় অনুরোধ করা হয়। উপজেলা পরিষদ এর বার্ষিক বাজেট ও উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নের জন্য সভায় উপস্থাপন করেন। এ ছাড়া উপজেলা পরিষদের মাসিক সভার গতানুগতিক নিয়ম পরিবর্তন করে পরবর্তী সভা হতে স্ব স্ব বিভাগের বিভাগীয় কার্যক্রম পাওয়ার পয়েন্ট (প্রজেক্টর) এর মাধ্যমে সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়। এ লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করেন।<br>৩| চেয়ারম্যান উপজেলা পরিষদ সভায় বলেন যে, উপজেলা নির্বাহী অফিসার এর উপস্থাপিত বিষয়ে উপজেলা পরিষদের বার্ষিক বাজেট ও পঞ্চ বার্ষিক পরিকল্পনা প্রনয়ণের সকলের সহযোগিতা কামনা করেন। এ ছাড়া উপজেলা পরিষদের মাসিক সভায় সকল বিভাগ/দপ্তরের স্ব-স্ব বিভাগীয় কার্যক্রম পাওয়ার পয়েন্ট (প্রজেক্টর) এর মাধ্যমে উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। এ ছাড়া চলতি ২০২১-২০২২ অর্থ বছর প্রায় শেষ পর্যায়ে দ্রুত সময়ের মধ্যে সরকারের সকল বিধি অনুসরণ করে দ্রুত সময়ের মধ্যে গৃহীত সকল প্রকল্প বাস্তবায়নের সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন। | বাসভবন মেরামত, খ) উপজেলা পরিষদের সামনে নিচু অংশ মাটি ভরাটকরণ ও নান্দনিক উন্নয়ন এবং গ) উপজেলা পরিষদের টাউন হল মেরামত ও সংস্কার করার সভায় মতামত পেশ করা হয়। উক্ত মতামতে সকলে একমত পোষণ করেন এবং উক্ত প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। এ ছাড়া উপজেলা পরিষদের মাসিক সভার পরবর্তী সভা হতে পর্যায়ক্রমে "পাওয়ার পয়েন্ট" (প্রজেক্টর) এর মাধ্যমে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। |

(খ) ২৫.০৪.২০২২খ্রি.হতে ২৩.০৫.২০২২খ্রি.মাসের উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নিম্নবর্ণিত বিবরণ মতে ব্যয় করা হয়েছে। তা ব্যয়োত্তর অনুমোদন করা প্রয়োজন মর্মে উপজেলা নির্বাহী অফিসার, মানিকছড়ি জানান। খরচের বিবরণ নিম্নরূপ:

| ক্র: নং | খরচের বিবরণ | ব্যয়িত টাকার পরিমাণ |
|---|---|---|
| ০১ | জনাব রনি চন্দ্র বিশ্বাস (মালি) উপজেলা পরিষদ, মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা এর এপ্রিল/২২খ্রি. মাসের বেতন বিল | ৯৯০০/- |
| ০২ | জনাব আচাই মারমা (পরিচ্ছন্ন কর্মী) উপজেলা পরিষদ, মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা এর এপ্রিল/২২খ্রি. মাসের বেতন বিল | ৯৯০০/- |
| ০৩ | উপজেলা টাউনহল এর ওয়াশরুম পরিস্কার ও স্যানিটেশন সংস্কার বাবদ ব্যয় | ৭,৩১২/- |
| ০৪ | উপজেলা টাউনহল এর ওয়াশরুম পরিস্কার ও স্যানিটেশন সংস্কার বাবদ ব্যয় বিলের ভ্যাট | ৪৩২/- |
| | কথায় : সাতাশ হাজার পাঁচশত চুয়াল্লিশ টাকা মাত্র। | ২৭,৫৪৪/- |

বিস্তারিত আলোচনার পর ব্যয়কৃত ২৭,৫৪৪/- (সাতাইশ হাজার পাঁচশত চুয়াল্লিশ) টাকা ব্যয়োত্তর অনুমোদন করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো. জয়নাল আবেদীন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, মানিকছড়ি
ও
সভাপতি
উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি
মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা

স্মারক নং- ০৫.৪২.৪৬৬৭.০০০.০৫.০০৫/২০২২- ৭৯৭ তারিখ : ১৪.০৬.২০২২খ্রি.

**অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহেঃ**

০১| মাননীয় মন্ত্রী, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২| মাননীয় সংসদ সদস্য, ২৯৮ নং খাগড়াছড়ি পার্বত্য জেলা।

০৩| সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪| বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৫| পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৬। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

০৭। উপ-পরিচালক, স্থানীয় সরকার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

০৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

**অনুলিপিঃ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ**

০১| ভাইস চেয়ারম্যান, (পুরুষ/মহিলা)উপজেলা পরিষদ, মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

০২| উপজেলা ..............................কর্মকর্তা, মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

০৩| চেয়ারম্যান, ......................ইউনিয়ন পরিষদ(সকল), মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

১৪.৬.২২

(রক্তিম চৌধুরী)
উপজেলা নির্বাহী অফিসার
মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

উপজেলা পরিষদ

মানিকছড়ি

খাগড়াছড়ি পার্বত্য জেলা।

(পদমর্যাদাক্রমানুসারে নহে)

সভার তারিখ: ২৩/০৫/২০২৩খ্রি

সময় ঃ সকাল ১১.৩০ ঘটিকা

উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থিত সকল কর্মকর্তা

| ক্রমিক নং | কর্মকর্তাদের পদবী | উপস্থিত | প্রতিনিধি দ্বারা উপস্থিত (অনুমতিক্রমে) | বিনানুমতিক্রমে প্রতিনিধি দ্বারা উপস্থিত | অনুপস্থিত |
|---|---|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মানিকছড়ি | | [signature] | | |
| ০২ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মানিকছড়ি | [signature] | | | |
| ০৩ | উপজেলা কৃষি কর্মকর্তা, মানিকছড়ি | | [signature] | | |
| ০৪ | উপজেলা মৎস্য কর্মকর্তা কর্মকর্তা, মানিকছড়ি | [signature] | | | |
| ০৫ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, মানিকছড়ি | [signature] | | | |
| ০৬ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মানিকছড়ি | [signature] | | | |
| ০৭ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মানিকছড়ি | | [signature] | | |
| ০৮ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, মানিকছড়ি | [signature] | | | |
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মানিকছড়ি | [signature] | | | |
| ১০ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মানিকছড়ি | [signature] | | | |
| ১১ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মানিকছড়ি | [signature] | | | |
| ১২ | উপজেলা প্রকৌশলী (এলজিইডি), মানিকছড়ি | | | | |
| ১৩ | সহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য), মানিকছড়ি | | [signature] | | |
| ১৪ | উপজেলা সমবায় কর্মকর্তা, মানিকছড়ি | [signature] | | | |
| ১৫ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মানিকছড়ি | | [signature] | | |
| ১৬ | উপজেলা রেঞ্জ কর্মকর্তা, মানিকছড়ি | [signature] | | | |
| ১৭ | উপজেলা আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ), মানিকছড়ি | [signature] | | | |
| [illegible] | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক , মানিকছড়ি | [signature] | | | |
| ১৯ | উপজেলা ব্যবস্থাপক, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, মানিকছড়ি | [signature] | | | |
| ২০ | উপজেলা ডেভেলাপমেন্ট ফ্যাসিলিটেটর, মানিকছড়ি | | | | |
| ২১ | তথ্য আপা(২য় পর্যায় প্রকল্প) | | | | |
| ২২ | [illegible], মোহাম্মদ [illegible] | [signature] | | | |
| ২৩ | পরিসংখ্যান কর্মকর্তা | [signature] | | | |
| ২৪ | | | | | |

[signature]

উপজেলা নির্বাহী অফিসার

মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা

[signature]

উপজেলা পরিষদ চেয়ারম্যান

মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা

উপজেলা পরিষদ

মানিকছড়ি

খাগড়াছড়ি পার্বত্য জেলা।

(পদমর্যাদাক্রমানুসারে নহে)

সভার তারিখঃ ২৩.০৫.২০২২খ্রি.

সময় ঃ সকাল ১১.৩০ ঘটিকা

উপজেলা পরিষদের মাসিক সভার উপস্থিত জনপ্রতিনিধি

| ক্রমিক নং | উপস্থিত জনপ্রতিনিধি পদবী | উপস্থিত | প্রতিনিধি দ্বারা উপস্থিত (অনুমতিক্রমে) | বিনানুমতিক্রমে প্রতিনিধি দ্বারা উপস্থিত | অনুপস্থিত |
|---|---|---|---|---|---|
| ০১ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মানিকছড়ি | | | | |
| ০২ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মানিকছড়ি | | | | |
| ০৩ | সংরক্ষিত নারী সদস্য, উপজেলা পরিষদ, মানি কছড়ি | | | | |
| ০৪ | চেয়ারম্যান, ০১নং মানিকছড়ি ইউপি | | | | |
| ০৫ | চেয়ারম্যান, ০২নং বাটনাতলী ইউপি | | | | |
| ০৬ | চেয়ারম্যান, ০৩নং যোগ্যাছোলা ইউপি | | | | |
| ০৭ | চেয়ারম্যান, ০৪নং তিনট্যহরী ইউপি | | | | |
| ০৮ | চেয়ারম্যান, ইউসিসিএ লিঃ, মানিকছড়ি | | | | |
| ০৯ | কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ, মানিকছড়ি | | | | |
| ১০ | | | | | |
| ১১ | | | | | |
| ১২ | | | | | |

উপজেলা নির্বাহী অফিসার
মানিকছড়ি, খাগড়ছড়ি পার্বত্য জেলা

উপজেলা পরিষদ চেয়ারম্যান
মানিকছড়ি, খাগড়ছড়ি পার্বত্য জেলা